অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/5/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

নিউ ইয়র্কের মৃত্যুবরণকারী দমকল কর্মীদের প্রতি গভর্নর হোচুলের শ্রদ্ধাজ্ঞাপন

নিউ ইয়র্ক স্টেটের দমকল কর্মীদের স্বীকৃতি ও সম্মান প্রদানের উদ্দেশ্যে গভর্নর ফায়ার ফাইটার অ্যাপ্রিসিয়েশন ডে ও অগ্নি প্রতিরোধ সপ্তাহ ঘোষণা করেছেন

গত বছর সাধারণ মানুষকে সুরক্ষিত রাখতে গিয়ে মৃত্যুবরণকারী 24 জন দমকল কর্মীর প্রতি সম্মান জানানোর উদ্দেশ্যে আজ রাতে স্টেটের ল্যান্ডমার্কগুলোতে লাল আলো জ্বালানো হবে

গভর্নর ক্যাথি হোচুল আজ এম্পায়ার স্টেট প্লাজায় একটি অনুষ্ঠানে দমকল বাহিনীতে সেবা প্রদানের দায়িত্ব পালনকালে জীবন হারানো নিউ ইয়র্কবাসীদের স্মৃতি ও বীরত্বের প্রতি সম্মান জানানোর উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেট ফলেন ফায়ার ফাইটার্স মেমোরিয়ালে যোগ হওয়া 24 জন দমকল কর্মীর অবদানের স্বীকৃতি দিয়েছেন এবং তাদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেছেন।

"নিউ ইয়র্ক স্টেট ফলেন ফায়ার ফাইটার্স মেমোরিয়ালে খচিত নামগুলো তাদের আত্মত্যাগ ও কমিউনিটির প্রতি নিবেদিত প্রচেষ্টার জন্য সর্বদা স্মরণীয় হয়ে থাকবে," **বলেছেন গভর্নর হোচুল**। "তাদের সেবার কল্যাণেই নিউ ইয়র্ক আরো ভালো জায়গা হয়ে উঠেছে, এবং আজ যারা আমাদের সাথে নেই তাদের পরিবার, বন্ধু-বান্ধব ও সহকর্মীদের প্রতি আমি আন্তরিক সমবেদনা জানাই। আমরা তাদেরকে কখনো ভুলবো না।"

এবছর নিউ ইয়র্ক স্টেট ফলেন ফায়ার ফাইটার্স মেমোরিয়াল ওয়ালে যোগ হওয়া ব্যক্তিদের নাম ও বিবরণ এখানে পাওয়া যাবে। এবছরের মৃত দমকল কর্মীদের স্মৃতির উদ্দেশ্যে পালন করা অনুষ্ঠানে মোট 45 জন ব্যক্তির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হচ্ছে, যাদের মধ্যে 21 জন দমকল কর্মী হলেন তারা যাদের নাম 2020 সালে দেয়ালে খচিত করা হয়েছিল, যখন কোভিড-19 এর কারণে কোনো অফিসিয়াল অনুষ্ঠানের আয়োজন করা যায়নি। এবছর যোগ হওয়া নামগুলো সহ, দায়িত্ব পালন করতে গিয়ে জীবন হারানো নিউ ইয়র্কের 2,620 জন দমকল কর্মীর প্রতি ফলেন ফায়ার ফাইটার্স মেমোরিয়াল এখন শ্রদ্ধাজ্ঞাপন করছে।

স্টেটের পেশাজীবী ও স্বেচ্ছাসেবী দমকল কর্মীদের প্রতি শ্রদ্ধা জানাতে গভর্নর হোচুল 5 অক্টোবর, 2021, মঙ্গলবারকে ফায়ার ফাইটার অ্যাপ্রিসিয়েশন ডে এবং 3 অক্টোবর থেকে 9 অক্টোবর, 2021 এর সপ্তাহকে অগ্নি প্রতিরোধ সপ্তাহ হিসেবে চিহ্নিত করে দুইটি ঘোষণা দিয়েছেন। এছাড়াও মেমোরিয়ালে যোগ হওয়া দমকল কর্মীদের ত্যাগের প্রতি শ্রদ্ধা জানাতে এবং স্টেটজুড়ে সব দমকল

কর্মীর সেবার স্বীকৃতস্বরূপ গভর্নর হোচুল আজ সন্ধ্যায় স্টেটের ল্যান্ডমার্কগুলো লাল আলোয় সজ্জিত করার নির্দেশ দিয়েছেন।

যেসব বিখ্যাত স্থানগুলি আলোকিত করা হবে তার মধ্যে আছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Governor Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) ভবন
- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস-প্রধান গেট এবং এক্সপো সেন্টার
- নায়াগ্রা ফলস (Niagara Falls)
- "ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ (The "Franklin D. Roosevelt" Mid-Hudson Bridg)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স (The Lake Placid Olympic Jumping Complex)
- MTA LIRR – পেন স্টেশনে ইস্ট এন্ড গেটওয়ে (MTA LIRR - East End Gateway at Penn Station)

1998 সালে নির্মিত হওয়া ফলেন ফায়ার ফাইটার্স মেমোরিয়াল প্রতি বছর এই স্মৃতিস্তম্ভে নিউ ইয়র্কের মৃত্যুবরণকারী দমকল কর্মীদের স্মৃতি ও বীরত্বের প্রতি সম্মান জানায়। এছাড়াও এই স্মৃতিস্তম্ভ বর্তমানে জনসাধারণকে নিরাপদ রাখার জন্য প্রতিদিন নিজেদের জীবন বাজি রাখা নিউ ইয়র্ক স্টেটের 100,000 এরও বেশি পেশাজীবী ও স্বেচ্ছাসেবী দমকল কর্মীর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করে।

অগ্নি প্রতিরোধ সপ্তাহ চলাকালীন স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) এর অধীন নিউ ইয়র্ক স্টেটের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তর (Office of Fire Prevention and Control) স্থানীয় ফায়ার ডিপার্টমেন্ট, ফায়ার সার্ভিস সংস্থা, স্কুল ডিস্ট্রিক্ট, নাগরিক গোষ্ঠী, ও জাতীয় অগ্নি প্রতিরোধ সংস্থার (National Fire Protection Association) সাথে অংশীদার হয়ে অগ্নি নিরাপত্তা সংক্রান্ত সচেতনতা সম্পর্কে জনসাধারণকে তথ্য ও কর্মসূচি সরবরাহ করবে।

2019 সালে, স্টেটজুড়ে ফায়ার ডিপার্টমেন্টগুলো আনুমানিক 1,621,000টি ঘটনায়, অথবা গড়ে দৈনিক 4,441টি ঘটনায়, ঘন্টায় 185টি ঘটনায় ও প্রতি মিনিটে তিনটি ঘটনায় সাড়া দিয়েছে।

স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেন, "অগ্নি পরিষেবা প্রদান করতে গিয়ে চূড়ান্ত ত্যাগ স্বীকার করা এই সাহসী নিউ ইয়র্কবাসীদের প্রতি সম্মান জানাতে পেরে আমরা গর্বিত। তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা এবং তারা যেন বিস্মৃত না হয়ে যান তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। স্রষ্টা আমাদের মৃত দমকল কর্মীদের, তাদের পরিবার ও বন্ধু-বান্ধব, এবং নিউ ইয়র্ক স্টেটের মানুষকে সুরক্ষিত রাখতে যারা এখনো প্রতিদিন নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করছেন, তাদেরকে আশীর্বাদ করুন।"

স্টেটের ভারপ্রাপ্ত অগ্নি প্রশাসক জেমস ক্যাবল বলেন, "আজ আমরা আমাদের সেসব সহকর্মী দমকল কর্মীদের সম্মান জানাচ্ছি ও স্মরণ করছি যারা আর আমাদের সাথে নেই। যেহেতু আমরা সম্প্রতি 9/11-এর হামলা এবং সেসময়ে আমরা যাদেরকে হারিয়েছে তাদের মৃত্যুর বিশতম বার্ষিকী উদযাপন করেছি, আমাদের জন্য এই বিষয়টি স্বীকার করে নেয়া গুরুত্বপূর্ণ যে আজ আমরা যাদের প্রতি সম্মান জানাচ্ছি তাদের অনেকেই সেসকল হামলার ঘটনায় সাড়া দিয়ে উদ্ধার ও পুনরুদ্ধার প্রচেষ্টায় অংশগ্রহণ করার সরাসরি পরিণাম হিসেবে সম্প্রতি তাদের জীবন হারিয়েছেন।"

নিউ ইয়র্ক স্টেটের ফায়ারমেন্স অ্যাসোসিয়েশনের (Firemen's Association of the State of New York) সভাপতি জন পি. ফ্যারেল জুনিয়র **বলেন,** "এবছর আমরা 45 জন মৃত দমকল কর্মীর প্রতি সম্মান জানাচ্ছি, যাদের মধ্যে 21 জন দমকল কর্মীর নাম 2020 সালে এই দেয়ালে খচিত করা হয়েছে। এই দেয়াল নিউ ইয়র্কের নাগরিকদের সুরক্ষিত রাখায় তাদের অবিচল নিবেদিত প্রচেষ্টার প্রতিনিধিত্ব করে। এই দেয়ালে খচিত তাদের নামগুলো আমাদেরকে আমাদের সাধ্যমতো সেরা দমকল কর্মী হয়ে উঠার মাধ্যমে তাদের ত্যাগের প্রতি সম্মান জানানোর কথা স্মরণ করিয়ে দেয়।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব ফায়ার চিফস (New York State Association of Fire Chiefs) এর প্রেসিডেন্ট, রবার্ট আর. ক্লোয়েফার জুনিয়র বলেন, "আজ আমরা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে নিঃস্বার্থভাবে তাদের কমিউনিটির সেবা করার দায়িত্ব পালন করতে গিয়ে মৃত্যুবরণকারী 45 জন দমকল কর্মীর প্রতি সম্মান জানাতে আমাদের ফায়ার সার্ভিসের সহকর্মী ও নির্বাচিত কর্মকর্তাদের সাথে যোগ দিচ্ছি। আমরা এই ব্যক্তিদের চিরদিন স্মরণ রাখবো এবং জনসাধারণের নিরাপত্তার জন্যে তাদের উদ্দীপনা, অঙ্গীকার ও নিবেদিত মনোভাবের প্রতি শ্রদ্ধা জানাবো।"

নিউ ইয়র্ক স্টেটের কাউন্টি ফায়ার কোঅর্ডিনেটর্স অ্যাসোসিয়েশনের (County Fire Coordinators' Association) প্রেসিডেন্ট বিল কেনেডি বলেন, "আজ আমরা ফায়ার সার্ভিসের চূড়ান্ত ত্যাগ স্বীকার করা মানুষদের প্রতি সম্মান জানাচ্ছি। তাদের ত্যাগের জন্য ধন্যবাদ জানানো যথেষ্ট নয়, কিন্তু তাদের উত্তরাধিকারের স্মৃতি রক্ষার্থে, দমকল কর্মী হিসেবে নিজেদের জীবনকে উৎসর্গ করে দেয়া এই সাহসী নিউ ইয়র্কবাসীদের প্রতি আমরা আমাদের অফুরন্ত কৃতজ্ঞতা প্রকাশ করা অব্যাহত রাখবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন